১৩। **কমিশনের সিদ্ধান্ত**।—(১) কমিশন কোন আবেদনপত্র সম্পর্কে, আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণ এবং ট্যারিফ প্রস্তাবসহ সকল তথ্যাদি প্রাপ্তির পর, অনধিক ৯০ (নব্বই) কর্মদিবসের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উক্ত সিদ্ধান্ত প্রত্যেক সদস্যের স্বাক্ষরযুক্ত করতঃ বিজ্ঞপ্তি আকারে জারি করিবে।

(২) কমিশনের সকল সিদ্ধান্ত ও আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৩) সংক্ষুব্ধ কোন পক্ষ কমিশনের কোন সিদ্ধান্ত বা আদেশ সম্পর্কে অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে কমিশনের নিকট উক্ত সিদ্ধান্ত বা আদেশ পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে।

(৪) কমিশনের সকল আদেশ ও সিদ্ধান্তের অনুলিপি কমিশনের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও কমিশনের সীলমোহর দ্বারা প্রত্যায়িত করা হইবে।

(৫) এই প্রবিধানের অধীন যে কোন দলিল বা আদেশের অনুলিপি, কমিশন কর্তৃক, সময়ে সময়ে, এতদুদ্দেশ্যে নির্ধারিত ফিসের বিনিময়ে, যে কোন ব্যক্তি সংগ্রহ করিতে পারিবে।

১৪। **ট্যারিফ প্রয়োগকাল**।—(১) কমিশন কর্তৃক নির্ধারিত ট্যারিফ কার্যকর হইবার তারিখ যেইভাবে কমিশন তৎকর্তৃক প্রদত্ত আদেশে নির্ধারণ করিবে সেই তারিখে কার্যকর হইবে।

(২) যতদিন পর্যন্ত সংশ্লিষ্ট লাইসেন্সী বা কোন ক্ষতিগ্রস্ত পক্ষের ট্যারিফ পরিবর্তনের আবেদন কমিশন কর্তৃক অনুমোদন না হয় অথবা কমিশন স্বেচ্ছায় ট্যারিফ পরিবর্তন না করিবে ততদিন পর্যন্ত কমিশন কর্তৃক নির্ধারিত ট্যারিফ কার্যকর থাকিবে।

(৩) কমিশন কর্তৃক নির্ধারিত ট্যারিফ সাধারণভাবে কোন অর্থ বৎসরে একবারের বেশী পরিবর্তনের জন্য কোন আবেদনপত্র বিবেচিত হইবে না, তবে জ্বালানী মূল্যের পরিবর্তনের কারণে কমিশন যদি পাইকারি বিদ্যুতের মূল্যহার পরিবর্তন করে বা অন্য কোন কারণে পরিবর্তন আবেদনকারী প্রমাণ করিতে সক্ষম হন তাহা হইলে এই বিধান শিথিলযোগ্য হইবে।

১৫। **ট্যারিফ নির্ধারণ বা পরিবর্তন সম্পর্কে বিজ্ঞপ্তি**।—(১) লাইসেন্সী প্রবিধান ১৩ এর উপ-প্রবিধান (১) এর অধীন কমিশন কর্তৃক কোন আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত ও জারীকৃত বিজ্ঞপ্তি বহুল প্রচারিত কমপক্ষে ১ (এক) টি বাংলা এবং ১ (এক) টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিবে এবং ওয়েবসাইটেও উহার প্রচারের ব্যবস্থা করিবে।

(২) লাইসেন্সী ট্যারিফ নির্ধারণ বা বিদ্যমান ট্যারিফ পরিবর্তন সম্পর্কে কমিশন কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি ট্যারিফ কার্যকরের অথবা তৎপরবর্তী মাসের বিদ্যুৎ বিলের সাথে সংযুক্ত করিয়া প্রত্যেক ভোক্তার নিকট প্রেরণ করিবে।

(৩) ট্যারিফ পরিবর্তনের ক্ষেত্রে, লাইসেন্সী উক্ত বিজ্ঞপ্তির সহিত বিদ্যমান ট্যারিফ সংক্রান্ত বিজ্ঞপ্তিও সংযুক্ত করিবে।

১৬। **ব্যাখ্যা সংক্রান্ত বিধান**।—এই প্রবিধানমালার কোন বিধানের ব্যাখ্যার ক্ষেত্রে কোনরূপ অস্পষ্টতার উদ্ভব হইলে, তৎসম্পর্কে কমিশন কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd, ই-মেইল:berc2003@gmail.com
ফ্যাক্স : ৮৮-০২-৫৫০১৩৫১৮।

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.১০৭১ তারিখ: ২৪ মার্চ ২০২০

**বিষয় : আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ।**

সূত্র : (১) বিদ্যুৎ বিভাগের পত্র নং: ২৭.০০.০০০০.০৫২.৩১.০০২.১৮.১৮০; তারিখ: ২২ মার্চ ২০২০।
(২) বিউবো এর পত্র নং: ২৭.১১.০০০০.১০১.১৪; তারিখ: ২৪ মার্চ ২০২০।
(৩) বাপবিবো এর পত্র নং: ২৭.১২.০০০০.১৭৪.০৬.২২৬.২০.৩৩৫; তারিখ: ২৩ মার্চ ২০২০।
(৪) ডিপিডিসি এর পত্র নং: ৮৭.৪০০.৪২৮.০১.০০.০৩০.২০০৮.৪৫০; তারিখ: ২৩ মার্চ ২০২০।
(৫) ডেসকো এর পত্র নং: ২৭.২৪.০০০০.০২২.১৮.০১০.২০.২৬; তারিখ: ২৩ মার্চ ২০২০।
(৬) ওজোপাডিকো এর পত্র নং: ২৭.২২.৪৭৮৫.০০৪.০৭.০০১.২০.৬৯৫; তারিখ: ২৩ মার্চ ২০২০।
(৭) নেসকো এর পত্র নং: ২৭.২৯.০০০০.০০৮.১৫.০০৫.২০.১১৩; তারিখ: ২৩ মার্চ ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল (Late Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ (বিইআরসি আদেশ # ২০২০/১০) এবং এ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

২। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এর প্রবিধান-১৫ মোতাবেক সংযুক্ত প্রজ্ঞাপনটি হুবহু আকারে প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ করা হলো। এছাড়া, প্রজ্ঞাপনটি অবিলম্বে বিদ্যুতের সকল আবাসিক গ্রাহককে সরবরাহের অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: (ক) আবাসিক গ্রহাকশ্রেণির বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ - (০৪ পৃষ্ঠা) এবং
(খ) আবাসিক গ্রহাকশ্রেণির বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত প্রজ্ঞাপন - (০১ পৃষ্ঠা)

কমিশনের নির্দেশক্রমে,

24.3.2020

(মোঃ রফিকুল ইসলাম)
সচিব
ফোন: ০২-৯১৪ ০১২৫

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো), ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন (৩য় তলা), ১ নং আব্দুল গণি রোড, ঢাকা -১০০০।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), বাড়ি নং-২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
০৬ ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো), বিদ্যুৎ ভবন, হেতমখান, রাজশাহী।

(অপর পাতায় সদয় দ্রষ্টব্য)

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.১০৬৮

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বর্তমানে নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে অধিকাংশ বিদ্যুৎ গ্রাহক জরুরি প্রয়োজন ছাড়া বাসা-বাড়ি থেকে বের হচ্ছেন না। এর পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসে অনেক গ্রাহকই নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন না মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ হতে জানানো হয়েছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল সারচার্জ বা বিলম্ব মাশুল ব্যতিরেকে পরিশোধের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ কর্তৃক কমিশন বরাবর যথাক্রমে অনুরোধ এবং আবেদন জানানো হয়েছে।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে খুচরা বিদ্যুৎ মূল্যহার সংক্রান্ত কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশসমূহ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারিকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১(ক) এ উল্লিখিত বিলম্ব-পরিশোধ মাশুল (Late Payment Surcharge) শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলসমূহ পরিশোধে প্রযোজ্য (বিলম্ব-পরিশোধ মাশুল) হবে না।

৩। খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত উল্লিখিত প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৪। কমিশনের এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কমিশনের আদেশক্রমে,

24.3.2020

মো: রফিকুল ইসলাম
সচিব
ফোন: ৯১৪ ০১২৫